R. N. No. 2532/57 | Phone No. RGG.112 | Regd No.—WB/MSD—4

*Our Bricks are made of soil*
*Your dreams are made of our toil*
NIRMAN
"Piyal Kunja"
Kamal Kumari Devi Sarani
Haridasnagar
P. O. Raghunathganj
Dist. Murshidabad
Phone : Office 28 Resi : 161

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৬শ বর্ষ
১০ম সংখ্যা
রঘুনাথগঞ্জ ৩রা শ্রাবণ বুধবার, ১৩৯৬ সাল।
১৯শে জুলাই, ১৯৮৯ সাল।
নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## গণ অধিকার রক্ষা কমিটির চার শিক্ষক নেতা সাসপেণ্ড

ধুলিয়ান : সম্প্রতি জেলা বিদ্যালয় ( প্রাঃ ) পরিদর্শক, নং ১৪৪/ই ডি এন ( পি ) তারিখ ৫-২-১৯৭৭ আইনের ক্রিমিন্যাল অফেন্সের ধারা অনুযায়ী শিক্ষক নেতা এস ইউ সির আব্দুস সঈদকে ১৮ এপ্রিল থেকে ৪ জুলাই পর্যন্ত সাময়িকভাবে বরখাস্তের আদেশ দেন। অপরদিকে জেলা স্কুল বোর্ডের প্রেসিডেন্ট অরুণ ভট্টাচার্য্য আর এক আদেশ জারী করে ( মেমো নং ১৩১২(৩) শিক্ষক নেতা ইউসুফ হোসেন, সুজিত মুন্সী এবং রাইসুদ্দিন বিশ্বাসকে ঐ একই আইনে সাসপেণ্ড করেছেন। তাঁদের বিরুদ্ধে অভিযোগ, তাঁরা সি পি এমের সন্ত্রাসের প্রতিবাদে গত ১০ এপ্রিল সাতপার্টি জোটের সমর্থনে বহু বিক্ষুব্ধ মানুষের সঙ্গে রাস্তারোকো আন্দোলনে যোগ দেন এবং পুলিশ তাঁদের গ্রেপ্তার করে ফৌজদারী মামলা দায়ের করে। সাতপার্টি জোটে সি পি এম ছাড়া সমস্ত বামপন্থী দল এমন কি ফ্রন্টের শরিকী দল আর এস পি, ফরওয়ার্ড ব্লক, সি পি আইও অন্তর্ভুক্ত আছেন বলে প্রকাশ। সমসেরগঞ্জ থানা এলাকায় সি পি এম এক ঘরে হ'য়ে পড়ায় সন্ত্রস্ত হয়ে সাতপার্টি জোটের আন্দোলনকে চূর্ণ করতে প্রসাশনের উপর চাপ সৃষ্টি করে—তার ফলেই শিক্ষক নেতাদের সাসপেণ্ড করা হয়েছে বলে স্থানীয় মানুষের ধারণা। আন্দোলনের নেতা এস ইউ সির আব্দুস সঈদ এক সাক্ষাতকারে জানান—তারাপুর কোম্পানীতে লোকনিয়োগকে কেন্দ্র করে সি পি এমের স্বার্থপর নগ্ন চেহারা ফুটে উঠে। কোম্পানীর উপর চাপ সৃষ্টি করে সি পি এম ক্যাডারদের নিয়োগ করতে বাধ্য করানোর প্রতিবাদে অন্যান্য রাজনৈতিক দল একজোট হয়ে গণ আন্দোলনকে তীব্র থেকে তীব্রতর অবস্থায় নিয়ে যায়। সি পি এম এই আন্দোলনকে ভেঙ্গে দিতে চণ্ডনীতির আশ্রয় নেয় এবং শাসনক্ষমতা দখলকারী দল হিসাবে প্রশাসনকে দমন পীড়নে তাদের সাহায্য করতে বাধ্য করে। এরই ফলে গণতান্ত্রিক আন্দোলনের নেতাদের পুলিশ গ্রেপ্তার করে মিথ্যা মামলায় জড়িয়ে দেয়। তাতেও সন্তুষ্ট না হয়ে ঐ সব শিক্ষক নেতাদের কোমড় ভেঙ্গে দিতে জেলা স্কুল পরিদর্শক ও তাঁদের দলের নেতা জেলা স্কুল বোর্ডের সভাপতি অরুণ ভট্টাচার্য্যকে দিয়ে শিক্ষক নেতাদের সাময়িক বরখাস্তের ব্যবস্থা করেন। সাতজোটের নেতারা এই অন্যায় আদেশের বিরুদ্ধে ২৫ জুলাই কনভেনশনের ডাক দেন। তাঁরা জানান, সি পি এম যদি তাদের অত্যাচার বহাল রাখে তবে সাতপার্টি জোটও বৃহত্তর গণ আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে বাধ্য হবে।

## মহকুমায় বাণিজ্যিক ব্যাঙ্কের শাখা না খোলার সিদ্ধান্ত

রঘুনাথগঞ্জ : গত ৫ জুলাই এখানে মহকুমা শাসকের খাস কামরায় অনুষ্ঠিত এক সভায় জেলা শাসক জঙ্গিপুর মহকুমায় বাণিজ্যিক ব্যাঙ্কের কোন শাখা বর্তমানে আর না খোলার অনুরোধ করেন। তিনি বলেন, গ্রামাঞ্চলে যোগাযোগের রাস্তা ভালো না থাকায় ব্যাঙ্ক শাখা খোলা অসুবিধাজনক। জহর রোজগার যোজনায় গ্রামের রাস্তাঘাট সংস্কার ও নতুন করে নির্মিত হলে নতুন শাখা খোলার কথা চিন্তা করা যেতে পারে বলে তিনি মন্তব্য করেন।

## ডাকঘরের চুরির ঘটনায় চার ছাত্র গ্রেপ্তার

রঘুনাথগঞ্জ : গত ১৭ মে রাত্রে এই থানার গণকর ডাকঘরের লোহার সিন্দুক ভেঙ্গে ৩৭০০ টাকা চুরি যায়। এই ঘটনায় পরদিন অফিসের নাইট গার্ডকে ডাক বিভাগ সাময়িকভাবে বরখাস্ত করেন। গত ১৭ জুলাই পুলিশ এই ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে মির্জাপুর দ্বিজপদ উচ্চ বিদ্যালয়ের চারজন ছাত্রকে সন্দেহবশতঃ গ্রেপ্তার করে। এদের বয়স ১৫/১৬ বছর এবং তারা ( শেষ পৃঃ দ্রষ্টব্য )

## রিভার পাম্প অচল রেখে কর্মীরা বসে বসে বেতন নিচ্ছেন

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি ব্লকের বালিয়া গ্রাম পঞ্চায়েতের অধীন রামনগর গ্রামের দামস বিলের ১ ও ২নং রিভার পাম্প অচল হয়ে রয়েছে কয়েক মাস ধরে। অচল থাকার কারণ নাকি অপারেটর ও সহকারী কর্মীর অনুপস্থিতি। এদিকে আশপাশের ক্ষেত নানা সব্জি ও পাটে পরিপূর্ণ। সেচ না পাওয়ায় ফসল মার খাচ্ছে বলে চাষীরা অভিযোগ করেন। গ্রামবাসীরা জানান, তাঁরা লালগোলার সহকারী ইঞ্জিনিয়ার অফিসে খোঁজ নিয়ে জানতে পারেন ঐ কর্মী দু'জন কাগজপত্রে যথারীতি উপস্থিতি দেখিয়ে মাসের পর মাস বসে বসে বেতন নিচ্ছেন।

## মৃতের নামে জি আর বিলি !

রঘুনাথগঞ্জ : দফরপুর অঞ্চলের জি আর বিলিতে কারচুপির অভিযোগ এনে বি ডি ওর কাছে তার প্রতিকার চেয়েছেন ঐ অঞ্চলের কয়েকজন যুবক। তাঁদের অভিযোগ, পঞ্চায়েত সদস্য শ্যামল হালদার তাঁর মায়ের নামে জি আর নিয়েছেন ; এমন কি জনৈক মৃত সন্তোষ হালদারের নামেও জি আর ( শেষ পৃঃ দ্রঃ )

**পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা**
**চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।**
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

৩রা শ্রাবণ বুধবার ১৩৯৬ সাল

# বর্ত্তমান শিক্ষাকেন্দ্র ও শিক্ষককুল

দাদাঠাকুর লিখিয়াছিলেন—ব্রহ্মচর্য্যই সকল শিক্ষার মূল বিদ্যার্জনের ভিত্তি। ব্রহ্মচর্য্য ব্যতিরেকে প্রকৃত বিদ্যা বা শিক্ষা আয়ত্ত করা খুবই কঠিন। বিদ্বান যদি দেশের ও দশের মঙ্গলসাধনে এবং কিশোর-কিশোরী, যুবক-যুবতীকে শিক্ষাদান করিতে ইচ্ছুক হয়েন, তাহা হইলে তাঁহাকে শুধুমাত্র ধীসম্পন্ন বা ডিগ্রিধারী হইলেই চলিবে না, সংযমী ও চরিত্রবানও হইতে হইবে। অসংযমী ইন্দ্রিয় পরবশ বিদ্বান অপেক্ষা সংযমী চরিত্রবান অজ্ঞকেই লোকে অধিক শ্রদ্ধা করে, তাঁহার কথায় অধিক বিশ্বাস করে এবং তাঁহাকেই অনুবর্তন করিয়া থাকে। আত্মসংযম ছাড়া আত্মোন্নতি কোন প্রকারেই সম্ভব নয়। শিক্ষার্থীকে জীবন সংগ্রামে আত্মরক্ষাপটু করাই শিক্ষার প্রধান উদ্দেশ্য। কিন্তু বর্তমান শিক্ষাকেন্দ্রগুলিতে শিক্ষককুল তাঁহাদের আচরণে শিক্ষার্থীকে সেইভাবে উদ্বুদ্ধ করিয়া তাহাদের আত্মোন্নতি ঘটাইতে অসমর্থ হইতেছেন। নতুবা সমাজের চতুর্দিকে ছাত্রছাত্রীদের উচ্ছৃঙ্খল হইতে দেখা যাইত না। এমন খুব কম শিক্ষাকেন্দ্রই আছে যেখানে শিক্ষককুল ব্যবসাদারী মনোবৃত্ত ত্যাগ করিয়া কেবল বিদ্যাদানকেই কর্তব্য বলিয়া স্বীকার করিয়া ব্রত পালন করেন। এই সকল ব্যবসাদারী মনোভাবাপন্ন শিক্ষকেরা ছাত্রছাত্রীদের চরিত্র গঠনের দিকে দৃষ্টি না দেওয়ায় ছাত্রছাত্রীরা বাল্যকাল হইতে উচ্ছৃঙ্খল হইয়া উঠে। ছাত্রছাত্রীরা প্রকৃত শিক্ষালাভ করিতেছে কিনা সে বিষয়ে মাথা ঘামান, বিদ্যালয়গুলির পরিচালক ও শিক্ষকবৃন্দ কর্তব্য বলিয়া মনে করেন না। তাঁহারা কোন রকমে মাসিক বেতন হস্তগত করিতে পারিলেই সন্তুষ্ট। যে কারণে সাধারণ শ্রমজীবী জনতার মত শিক্ষকেরাও বেতন বৃদ্ধির আন্দোলন লইয়াই অতিমাত্রায় ব্যস্ত। অপর দিকে এই সমস্ত শিক্ষককুল নিজের আর্থিক উন্নতি বহাল রাখিতে প্রাইভেট ট্যুইশানির দিকে বিশেষ দৃষ্টি দিয়া থাকেন। সেক্ষেত্রে প্রাইভেট ছাত্রের সংখ্যা যাহাতে বৃদ্ধি হয় তাহাতে সচেষ্ট হইয়া বিভিন্ন দুর্নীতির আশ্রয় গ্রহণ করিতেও তাঁহারা পশ্চাৎপদ হয়েন না। ছাত্রগণও অসংযমী শিক্ষককুলকে শ্রদ্ধাভক্তি করিতে বা তাঁহাদের শাসন মানিতে শিখিতেছে না। ধীরে ধীরে তাহাদের অন্তঃকরণ হইতে শ্রদ্ধা ভক্তি অপসারিত হইয়া তাহাদিগকে অমানুষ করিয়া তুলিতেছে। সম্প্রতি শিক্ষককুল সম্বন্ধে আরোও একটি অভিযোগ উঠিয়াছে, তাঁহারা পুস্তক ব্যবসায়ীদের সহিত যোগসাজসে প্রতি বৎসর পাঠ্যপুস্তক পরিবর্তন করিয়া দরিদ্র অভিভাবকদের আর্থিক দুর্গতি ভোগ করাইতেছেন। এইভাবে নিজের স্বার্থে বিভিন্ন কার্য্যে ব্যস্ত হইয়া থাকায় শ্রেণীকক্ষে শিক্ষাদানে ত্রুটি ঘটে এবং তাহারই ফলে ছাত্রছাত্রীদের পরীক্ষার ফল খারাপ হইতেছে। শিক্ষকদের অবহেলার ফল ভোগ করিতেছেন দরিদ্র অভিভাবকবৃন্দ। বর্তমানে ব্রহ্মচর্য্য ব্রতের উচ্চ আদর্শ হীনতা এবং আমাদের বেতনভোগী, অর্থলোলুপ শিক্ষকদের আচরণ শিক্ষার্থীগণকে আরোও উন্মার্গগামী করিয়া তুলিতেছে। অকারণে যতদিন না শিক্ষার আদর্শ পরিবর্তিত হইবে, শিক্ষকেরা আদর্শবান হইবেন, যতদিন ব্রহ্মচর্য্যের সম্পর্কহীন শিক্ষা দেশে প্রতিষ্ঠিত থাকিবে, ততদিন ছাত্রছাত্রীদের উন্নতি সুদূর পরাহত।

## চিঠি-পত্র

(মতামত পত্র লেখকের নিজস্ব)

### মানুষ গড়ার কারিগর প্রসঙ্গে

গত ৪শে জুন '৮৯ জংগিপুর সংবাদ পত্রিকাতে "এটাই কি মানুষ গড়ার কারিগর ডক্টর রাধাকৃষ্ণণের উত্তর সাধকের দল" আলোচ্য বিষয়টি পড়ে বিস্মিত হয়েছি। এ অবক্ষয়ের যুগে সংবাদ পত্রের দায়িত্ব আছে প্রচুর মনে করি।

কিন্তু ভুল তথ্য পরিবেশনে প্রতিটি মানুষের মান মর্য্যাদার প্রশ্ন থাকে এও আপনি জানেন। যাক আমার মনে হয় কারও ব্যক্তিগত আক্রোশের আমি বলি হয়েছি। এবার বক্তব্যে আসা যাক। প্রথমতঃ ১৯৮৯-র বুকলিষ্টে বিশেষ বই পরিবর্তিত হয়নি। Academic Council এর সভায় উপস্থাপিত বুকলিষ্টে বিষয় শিক্ষিকাদের সুপারিশ অনুযায়ী বিভিন্ন পুস্তক ব্যবসায়ীর পুস্তকগুলি দেওয়া হয়েছে। দ্বিতীয়তঃ নমুনা কপি শিক্ষিকাদের দেওয়া হয়। এজন্য বুক ইস্যু রেজিষ্টার আছে। তৃতীয়তঃ নমুনা কপি পুস্তক ব্যবসায়ীরা বিষয় শিক্ষক ও শিক্ষিকাদের বাড়ীতে দিয়ে থাকেন। জনৈক পুস্তক ব্যবসায়ীর উক্তি থেকে বলছি "তিনি বললেন গত বছর ১৯৮৮ সালে বিষয় শিক্ষিকা ইতিহাস (নবম শ্রেণী) তার বাড়ীতে তিনখানা পুস্তক নিজে দিয়ে এসেছিলেন।" সেখানে হাজার হাজার প্রশ্নই আসতে পারে না। চতুর্থতঃ এবার (১৯৮৯) সালে "ইতিহাস" (নবম শ্রেণী) পরিবর্তিত হয়নি। গত বছর ইতিহাস (নবম শ্রেণী) বই নিয়ে যে ঘটনা ঘটেছিল সে বিষয় যদি সত্য হয় তার উত্তর বিষয় শিক্ষিকা নমিতাদেবী দেবেন। কেননা ১৯৮৮ সালে পাঠ্য তালিকাভুক্ত ইতিহাস (নবম শ্রেণী) Academic Council-র সিদ্ধান্ত অনুযায়ী ও ইতিহাস বিষয় শিক্ষিকার জ্ঞাতসারে হয়েছিল। পরিশেষে আশা করব, সকলের কাছে এ সত্য সংবাদ পৌঁছে দেবেন ও আপনাদের উচ্চারিত এ মহকুমার শ্রেষ্ঠ রঘুনাথগঞ্জ উচ্চতর বালিকা বিদ্যালয়ের সুনাম রক্ষা করবেন।

ধন্যবাদসহ

৭-৭-৮৯ জ্যোৎস্না বন্দ্যোপাধ্যায়

প্রধান শিক্ষিকা

রঘুনাথগঞ্জ উচ্চতর বালিকা বিদ্যালয়

[প্রধান শিক্ষিকা মহাশয়ার প্রতিবাদপত্রের কয়েকটি বিষয়ের উত্তর দেওয়া প্রয়োজন। এবার ষষ্ঠ, সপ্তম ও নবম শ্রেণীর বাংলা ব্যাকরণ রচনা বইয়ের সিলেবাস পরিবর্তন হয়েছে। এই বই তিনটির সরকারের নির্দ্ধারিত দাম যথাক্রমে বারো টাকা, তেত্রিশ টাকা ও আটচল্লিশ টাকা। কলকাতার সমস্ত প্রকাশক যাঁদের উক্ত বইগুলি এবার অনুমোদিত হয়েছে তাঁরা নিজ নিজ প্রকাশিত বই পাঠ্য করানোর জন্য তাঁদের স্থানীয় এজেন্ট বা সরাসরি রেজিষ্ট্রী ডাকযোগে সমস্ত মাধ্যমিক বিদ্যালয়ে পাঠিয়েছেন। যদি ধরে নেওয়া যায় যে অন্ততঃ ত্রিশজন প্রকাশক স্কুলকে ঐ বই তিনখানি দিয়েছেন তাহলে প্রাপ্ত ঐ তিনটি বইয়ের দাম দাঁড়ায় ২৭৯০ টাকা। এছাড়া পঞ্চম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত সরকারী বই বাদে সমস্ত বিষয়ের বইয়ের অগুণতি নমুনা সংখ্যা প্রতি স্কুল পায়। যার মূল্য সাড়ে পাঁচ/ছয় হাজার টাকার কম নয়। আশাকরি সমস্ত স্কুলের মত রঘুনাথগঞ্জ উচ্চতর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাও এই পরিমাণ বই পেয়েছেন। রঘুনাথগঞ্জ হাই স্কুলে একটি খাতা থাকে তাতে যখন যেখান থেকে কোন নমুনা সংখ্যা পাওয়া যায় তা লিপিবদ্ধ করা হয়। রঘুনাথগঞ্জ উচ্চতর বালিকা বিদ্যালয়ের নমুনা সংখ্যাগুলির কোন হিসাব থাকে না এবং এর অধিকাংশ বই অন্ধকার পথে অদৃশ্য হয়। এর তথ্য প্রমাণ প্রয়োজন হলে আমরা উপস্থিত করতে পারি। এ বছর Academic Council এর সভায় মাত্র চারখানি বই পরিবর্তন করার সিদ্ধান্ত হয়। Academic Council এর সদস্যরা এবং অন্যান্য শিক্ষিকারাও নিজেরা জানতেন এবং অনেককে বলেছেন যে মাত্র চারখানি বই পরিবর্তন করা হয়েছে। কিন্তু প্রধান শিক্ষিকা মহাশয়া সুকৌশলে কারও বাড়তি সাতখানি বই নতুন পাঠ্য (৩য় পৃষ্ঠায়)

## বাস ষ্টপেজের দাবীতে পথ অবরোধ

ঔরঙ্গাবাদ ঃ গত ১১ জুলাই ৩৪নং জাতীয় সড়কের ধলা গ্রামে বাস ষ্টপেজের দাবীতে গ্রামবাসীরা পথ অবরোধ করেন। দলের ফেষ্টুন ও ছোট ছোট লাল পতাকা দেখে অবরোধকারীরা সি পি এম সমর্থক বলে বোঝা যায়। বিনা নোটিশে পথ অবরোধের ফলে দূরপাল্লার যাত্রী এবং বিভিন্ন অফিসের কর্মীরা বিশেষ অসুবিধা ভোগ করেন। আন্দোলন স্থলে ক্রুয় পুলিশের উপস্থিতি যাত্রী সাধারণকে বিস্মিত করে। আরোও বিস্ময়ের কথা অবরোধকারীরা লরী বা সরকারী বাসের পথ ছেড়ে দেন। ক্ষুব্ধ যাত্রীদের মধ্যে একজন মন্তব্য করেন—এ কেমন আন্দোলন। যে দল আন্দোলনে নেতৃত্ব দিচ্ছেন তাঁরাই তো শাসন ক্ষমতায় রয়েছেন। আর টি এতে তো তাঁদেরই আধিপত্য। নিজের বিরুদ্ধে নিজের আন্দোলন, এ এক অদ্ভুত খেলা। উল্লেখ্য, বিগত ছ'মাসে বামফ্রন্টের বিভিন্ন শরিক দলও বেশ কয়েকবার পথ অবরোধ আন্দোলনে অংশ নেন। কখনও কোন দলের কর্মসূচী অনুযায়ী কখনও বা বাস কর্মীদের নিরাপত্তার দাবীতে, কখনও ষ্টপেজের বা বাস বাড়াবার প্রয়োজনে পথ অবরোধ করা হয়েছে। এরফলে এ জেলায় সুষ্ঠু পরিবহণ ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে এবং যাত্রীদের দুর্গতি বেড়েই চলেছে। আর প্রশাসন নির্বিকারভাবে তা দেখে যাচ্ছেন।

## গ্রামীণ ঋণদান শিবির

জঙ্গিপুর ঃ গত ২০ জুন রঘুনাথগঞ্জ ২নং পঞ্চায়েত সমিতির উদ্যোগে সম্মতিনগর জৈন মন্দিরে গ্রামীণ ও বাণিজ্যিক ব্যাঙ্কের যৌথ পরিচালনায় ঋণদান শিবির অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা পরিষদের সভাধিপতি নির্মল মুখার্জী, প্রধান অতিথি ছিলেন জেলা শাসক দেবাদিত্য চক্রবর্ত্তী এবং বিশেষ অতিথি ছিলেন গৌড় গ্রামীণ ব্যাঙ্কের জেনারেল ম্যানেজার প্রণব রায়। ব্লকের নয়টি অঞ্চলের নির্বাচিত একশ জন ঋণ গ্রহীতাকে ৫ লক্ষ টাকার ঋণপত্র ও বিবিধ সামগ্রী বিলি করা হয়। শিবিরে যোগদান করেন গৌড় গ্রামীণ ব্যাঙ্ক জঙ্গিপুর ও সম্মতিনগর শাখা এবং ব্যাঙ্ক অফ বরোদার কাশিয়াডাঙ্গা শাখা। ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইনডিয়ার জোতকমল শাখা শিবিরে যোগদান না করাই উদ্যোক্তরা দুঃখ প্রকাশ করেন।

## বি এস এফের উপর হামলা

জঙ্গিপুর ঃ সম্প্রতি কুলগাছি গরুর হাটে বাংলাদেশী গরু পাচারকারীদের ধরতে গেলে বি এস এফ জোয়ানদের উপর পাচারকারীরা হামলা চালায় বলে জানা যায়। খবর জোয়ানদের গাড়ী লক্ষ্য করে বোমাও ছোঁড়া হয়। বাংলাদেশে গরু পাচার নিয়ে কুলগাছি হাটটি ক্রমশঃ শীর্ষস্থানে উঠছে বলে গ্রামবাসীরা অভিযোগ করেন।

## থানা-র বিরুদ্ধে গণ অবস্থান

ধুলিয়ান ঃ গত ৮ জুলাই স্থানীয় থানার সামনে ফরওয়ার্ড ব্লকের পরিচালনায় সাত পার্টি জোট গণ অবস্থান শুরু করেন। স্থানীয় পুলিশ অফিসার শিবপদ সরকারের পক্ষপাতমূলক কাজকর্ম, সি পি এমের নির্দেশমতো বিরোধীদলের কর্মীদের উপর মিথ্যা অভিযোগে অত্যাচার, স্থানীয় থানাকে সি পি এমের পার্টি অফিস বানানো এসব অভিযোগ বিভিন্ন বক্তার বক্তব্যে ফুটে উঠে। অবস্থানের আগে এক বিরাট মিছিল শহর পরিক্রমা করে। উল্লেখ্য, সাতপার্টি জোট সমসেরগঞ্জ এবং ফরাক্কা অঞ্চলের বিভিন্ন গ্রামে একই ধরনের কর্মসূচী পালন করে চলেছেন।

## ঋণ গ্রহীতা শিল্পীদের প্রদর্শনী

জঙ্গিপুর ঃ সম্প্রতি গৌড় গ্রামীণ ব্যাঙ্ক সম্মতিনগর শাখার পক্ষ থেকে ঋণ গ্রহীতা শিল্পীদের শিল্প কর্মের এক প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রদর্শনীর উদ্বোধন করেন রঘুনাথগঞ্জ ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি মহঃ গিয়াসুদ্দিন। কোন ব্যাঙ্কের পরিচালনায় এই ধরনের প্রদর্শনী প্রথম অনুষ্ঠিত হলো বলে সভাপতি তাঁর ভাষণে উল্লেখ করেন।

## গ্রাম্য দলাদলিতে খুন

ফরাক্কা ঃ এই থানার জোর পুকুরিয়া গ্রামের আলাম সেখ গত ১ জুলাই রাত থেকে নিখোঁজ হন। বাড়ীর লোকেরা থানায় এই ঘটনা জানায়। পরে ৩ জুলাই আলামের বাড়ীর কাছে একটি পাট ক্ষেত থেকে তাঁর মৃতদেহ গ্রামবাসীরা উদ্ধার করেন। তাঁর শরীরের কয়েক জায়গায় অস্ত্রাঘাতের চিহ্ন ছিল। গ্রাম্য দলাদলিতে এই খুন বলে পুলিশ জানায়। এ ব্যাপারে এখনও কেউ গ্রেপ্তার হয়নি।

## ষ্টেট ব্যাঙ্কের সামনের রাস্তা নরককুণ্ড

অরঙ্গাবাদ ঃ স্থানীয় ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার সামনের জংহুল পথটি বেশ কয়েক মাস ধরে নোংরা জল আর কাদায় নরককুণ্ড হয়ে দাঁড়িয়েছে। বহু অভিযোগ জানানো সত্ত্বেও পঞ্চায়েত কর্তারা এ ব্যাপারে কোন ব্যবস্থা নেননি বলে ক্ষুব্ধ নাগরিকরা জানান।

## মানুষ গড়ার কারিগর

(২য় পাতার পর)

করেছেন। একাধিক শিক্ষিকা স্কুল থেকে নমুনা সংখ্যা না পেয়ে পড়ানোর অসুবিধা হওয়ায় অন্যত্র বই সংগ্রহ করেছেন। বাড়ীতে কোন শিক্ষিকাকে কে ক'খানি বই উপহার দিচ্ছেন এটা প্রধান শিক্ষিকার এক্তিয়ারভুক্ত ব্যাপার নয়। নবম শ্রেণীর ইতিহাস বই নিয়ে যে বিভ্রান্তি এবং জোরজুলুম ইতিহাস শিক্ষিকা নমিতাদেবীর উপর প্রধান শিক্ষিকা করেছেন তা অমানবিক ও নজীরবিহীন।

সম্পাদক জঙ্গিপুর সংবাদ]


## জায়গা বিক্রি


মির্জাপুর পুরানো গরুর হাটের দেড় বিঘা জায়গা বিক্রি আছে।

যোগাযোগের ঠিকানা—


করমচাঁদ জৈন
পোঃ সম্মতিনগর
জেলা মুর্শিদাবাদ
ফোন—জঙ্গিপুর ৪৩



## টাইটান কোয়ার্টজ টাটার অবদান



আর্ন্তজাতিক কোয়ার্টজ ঘড়ি-র অনুপম সম্ভার



২ বছরের গ্যারান্টী সহ,

মূল্য ৩৯৭ টাকা থেকে ১৮১৭ টাকা

অনুমোদিত ডিলার :-

সাহা ওয়াচ কোম্পানী

ফুলতলা মোড়, রঘুনাথ গঞ্জ, মুর্শিদাবাদ

aAKriti

## সি পি এম প্রধানের মদমত্ততা !

রঘুনাথগঞ্জ ঃ জরুর গ্রাম পঞ্চায়েতের প্রধান প্রণব পালের বিরুদ্ধে 'যা খুশি করা'র অভিযোগ উঠেছে। তাঁর কাছে গ্রামের মানুষ গেলে তিনি তাঁদের সঙ্গে অভদ্র আচরণ করেন বলে গ্রামবাসীদের অভিযোগ। ৬ জুলাই সিমলা গ্রামের নন-ফরম্যাল স্কুলের শিক্ষক সুবোধ মণ্ডল তাঁর স্কুলের কিছু কাগজপত্রে প্রধানের সহি নিতে গেলে, প্রধান সহি করবো না বলে তাঁকে ফিরিয়ে দেন। সুবোধবাবু বলেন—আপনি আমাকে গত ২৬ জুনও কাগজপত্র সহি না করে পরে আসতে বলেন। আমি আজ ৬ জুলাই আবার এসেছি। কিন্তু আজোও আপনি সহি করব না একথা বলে ঘুরিয়ে দিচ্ছেন। আপনার উদ্দেশ্য কি বুঝছি না। সুবোধ মণ্ডল উত্তেজিত হয়ে প্রধানকে আরোও বলেন—এই কি বামফ্রন্টের নীতি ; আমরা কি এইরূপ ব্যবহারের জন্যই আপনাকে নির্বাচিত করেছিলাম। সুবোধ মণ্ডলের কথায় প্রধান উত্তেজিত হয়ে ঘাড় ধরে তাঁকে ঘর থেকে বার করে দেন। খবর, নন-ফরম্যাল টিচারস ইউনিয়ন এই ঘটনার পরিপ্রেক্ষিতে অপরাধী প্রধানের বিরুদ্ধে গণ আন্দোলন গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছেন।

## চার ছাত্র গ্রেপ্তার

(১ম পাতার পর)

নবম ও দশম শ্রেণীতে পড়ে। অপর এক সংবাদে জানা যায় কয়েকদিন পূর্বে জঙ্গিপুরের জনৈক মাড়োয়ারী ভদ্রলোকের কাছ থেকে টাকা ছিনতাই-এর ঘটনাকে কেন্দ্র করে ঐ একই দিনে পুলিশ শহরের দুই অল্প বয়সী যুবককে গ্রেপ্তার করে। মির্জাপুর স্কুলের ধৃত ছাত্রদের নাম—রবি চৌধুরী, সনাতন মণ্ডল, প্রশান্ত মণ্ডল ও ছবি মণ্ডল। রঘুনাথগঞ্জের যুবকদ্বয়ের নাম—রবি দাস ও ছোটন দাস। গত ১৮ জুলাই জঙ্গিপুর সাবডিভিশন্যাল জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেটের আদালতে ধৃত যুবকদের জামিনের আবেদন করলে তা না মঞ্জুর হয়।

## ট্রাক ছিনতাই পরে উদ্ধার

ফরাক্কা ঃ গত ১২ জুলাই রাত্রি ১০টা নাগাদ বল্লালপুরের কাছে একটি শক্তিমান লরী দিয়ে ৩৪নং জাতীয় সড়ক অবরোধ করে গৌহাটী গামী একটি মাল বোঝাই লরীর ( এন এল এ ৪?৯৭ ) ড্রাইভার ও খালাসীকে গাছের সঙ্গে বেঁধে কয়েকজন দুর্বৃত্ত লরীটি নিয়ে চম্পট দেয়। রাতের পুলিশ পেট্রোল খবর পেয়ে ধাওয়া করে উমরপুরের কাছে ৫ জন দুর্বৃত্তসহ লরীটিকে আটক করে। লরীটিতে ১০ টন মতো ফিটকিরি ছিল বলে জানা যায়।

## সুসংহত গ্রামীণ উন্নয়ন প্রকল্পের আলোচনা চক্র

সাগরদীঘি ঃ স্থানীয় ব্লক পঞ্চায়েত সমিতির উদ্যোগে গত ৩ জুলাই সুসংহত গ্রামীণ উন্নয়ন প্রকল্প রূপায়ণের এক আলোচনা চক্র বসে। চক্রে ব্লক পর্য্যায়ের কর্মী, পঞ্চায়েত সমিতির সদস্য, মনিগ্রাম, বালিয়া, কাবিলপুর, পাটকেলডাঙ্গা ও গোবর্দ্ধনডাঙ্গার প্রধান-উপপ্রধানরাও উপস্থিত হন। প্রত্যেক বক্তাই প্রকল্প উন্নয়নের নানা বাধা উল্লেখ করে ভাষণ দেন। বি ডি ও বাদলচন্দ্র দাস বলেন, গ্রামীণ উন্নয়নে সফলতা আনতে হলে গ্রাম পঞ্চায়েত প্রধান ও ব্যাঙ্ক কর্মচারীদের সজাগ হতে হবে। ব্যাঙ্কের কাছ থেকে যেমন লোন আদায় করে নিতে হবে তেমনি ব্যাঙ্ক লোন যাতে ঠিকমত পরিশোধ হয় তার দিকেও প্রধানদের নজর রাখতে হবে। প্রত্যেক বক্তাই বলেন—গ্রামে জলসেচের ব্যবস্থা করতে অগভীর নলকূপ বসাতে হবে। মেয়েদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। ঠিক হয় আগামী নভেম্বরে বাড়ালা, বোখারা ১নং এবং ২নং, মোড়গ্রাম ও বন্দেশ্বরে গ্রাম পঞ্চায়েতের আলোচনা চক্র বসবে এবং সেখানে পুনরায় সবিশেষ আলোচনা হবে।

## মৃতের নামে জি আর বিলি

(১ম পাতার পর)

বিলি করা হয়েছে। শেষ পর্যন্ত গোলমাল দেখা দিলে ১২ কেজি গমের মধ্যে ৫ কেজি মৃতার স্ত্রীকে দিয়ে তাঁর মুখ বন্ধ করার ব্যবস্থা করেন শ্যামল হালদার। অভিযোগকারীরা আরো জানান, ভাগাভাগীতে রাজি না হওয়ায় ডি আর ডি এ-র লোন বিলি না করে আটকিয়ে রাখা হয়েছে।

## আদিবাসীদের হুল উৎসব

সাগরদীঘি ঃ স্থানীয় গণতান্ত্রিক যুব ফেডারেশনের উদ্যোগে গত ৩০ জুন মনিগ্রাম কিশোর সঙ্ঘের ফুটবল মাঠে আদিবাসীদের হুল উৎসব অনুষ্ঠিত হয়। আদিবাসী যুবকদের মধ্যে ফুটবল ও মেয়েদের কলসী দৌড় প্রতিযোগিতা হয়। সবশেষে পুরুষদের তীর ছোঁড়ার এক বর্ণাঢ্য প্রতিযোগিতার পর কয়েকজনকে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানগুলিতে মনিগ্রাম, বালিয়া এবং পাটকেলডাঙ্গার আদিবাসী নারী পুরুষেরা যোগ দেন।

যৌতুকে V I P
সকল অনুষ্ঠানে V I P
ভ্রমনের সাথী V I P
এর জুড়ি কি আর আছে !
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
V I P সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

কিস্তিতে মোটর বাইক/স্কুটার/টিভি/বাস/লরী কিনবেন ?
বাড়ী করার জন্য লোন চায় ? বাস্তু জমি বা পুরানো বাস, লরী, মোটর সাইকেল, টিভি প্রভৃতি কেনাবেচা করতে চান ? সত্বর যোগাযোগ করুন।
দিলসন্‌স্ মিউচুয়ালাইজার
DILSONS MUTUALISER
শ্মশানঘাট রোড, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ৭৪২২২৫
বিঃ দ্রঃ ধুলিয়ান শাখা অফিস খোলার জন্য বেতন ও কমিশনে কর্মী চাই

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের ( Tax ) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।
যোগাযোগ—
শঙ্খনাথ চ্যাটার্জী
প্রযত্নে বিশ্বপাত চ্যাটার্জী
পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে
অমুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত